দৈনিক ইত্তেফাক

তারিখ ... 27 APR 1989 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

৩০

028

## ডিগ্রী পরীক্ষার ব্যাপারে উচ্চ পর্যায়ের বৈঠক

শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে গতকাল অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং শিক্ষা মন্ত্রণালয়ের পদস্থ কর্মকর্তাদের এক সভায় ডিগ্রি কলেজ সমূহের মঞ্জুরী, ডিগ্রি পরীক্ষা অনুষ্ঠান, সেশন জট নিরসন এবং কলেজের পরিচালনা

(১১শ পৃঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষা

(১ম পৃঃ পর)

পরিষদ গঠনের ব্যাপারে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সভায় সভাপতিত্ব করেন।

সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, আগামী ডিগ্রি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের স্বার্থে নূতন কোন পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হইবে না এবং কোন উপজেলায় একটির বেশী কেন্দ্র থাকিবে না। সভায় নকল প্রবণতা বন্ধ করার জন্য কঠোর মনোভাব গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয় এবং এ লক্ষ্যে নকলের সহায়তাদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে পরীক্ষা ও পরীক্ষা কেন্দ্র বাতিল, স্বীকৃতি প্রত্যাহার এবং সরকারী অনুদান বন্ধ করাসহ বিভিন্ন ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সেশন জট নিরসনের উদ্দেশ্যে অবিলম্বে কর্মপন্থা গ্রহণের উপর তাগিদ দেওয়া হয় এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়কে এ ব্যাপারে সুনির্দিষ্ট প্রস্তাব বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কাছে প্রেরণ করিতে বলা হয়। সভায় ডিগ্রি ও উচ্চতর পরীক্ষাসমূহে পরীক্ষা পদ্ধতি ও পরীক্ষার মূল্যায়ন সম্পর্কিত বিষয়টি পরিবর্তনের জন্য সুপারিশমালা প্রণয়নের দায়িত্ব বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের উপর অর্পণ করা হয়।

সভায় শিক্ষা সচিব হেদায়েত আহমেদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আলী আহসান, অনুমোদনকারী বিশ্ববিদ্যালয় প্রকল্পের প্রকল্প উপদেষ্টা অধ্যাপক ডঃ এম এ বারী, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ডঃ এম, শামসুল হক, ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরসহ অন্যরা উপস্থিত ছিলেন। তথ্য বিবরণী।